

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
এফএ অ্যান্ড এমআইএস উইং  
পরিসংখ্যান ভবন  
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭  
[www.bbs.gov.bd](http://www.bbs.gov.bd)

স্মারক নং-৫২.০১.০০০০.১০১.২৩.১০৫.২০-২০৮২

তারিখ: ২৭ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ  
২০ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ


**বিষয়: বিবিএস-এর মাঠ পর্যায়ের সকল বিভাগ, জেলা ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়সমূহে ২৭ ফেব্রুয়ারি জাতীয় পরিসংখ্যান দিবস ২০২২ উদযাপন ও বাস্তবায়ন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী গত ০৮ জুন ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রতি বৎসর ২৭ ফেব্রুয়ারি তারিখকে “জাতীয় পরিসংখ্যান দিবস” হিসেবে ঘোষণা করেছেন। নিঃসন্দেহে দেশের পরিসংখ্যানিক পরিমন্ডলের (Statistical Arena) জন্য মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত এই স্বীকৃতি অত্যন্ত আনন্দের একটি বিষয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষণার সফল বাস্তবায়ন এবং ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে দ্বিতীয়বারের মতো পালিতব্য “জাতীয় পরিসংখ্যান দিবস”-এর এবারের প্রতিপাদ্য বিষয় হলো “গুণগত পরিসংখ্যান উন্নত জীবনের সোপান”।

০২। দেশে দ্বিতীয়বারের মতো “জাতীয় পরিসংখ্যান দিবস” উদযাপন এবং একই সময়ে তা মুজিব বর্ষের অনুষ্ঠান এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী হিসেবে বিবেচিত হওয়ায় ২০২২ সালের “জাতীয় পরিসংখ্যান দিবসটি” বর্ণিল এবং জাকজমকপূর্ণভাবে উদযাপনের পরিকল্পনা থাকলেও বিশ্বব্যাপী কোভিড-১৯ মহামারীর কারণে সৃষ্ট বাস্তবতায় তা সীমিত পরিসরে পালিত হবে। উল্লেখ্য, আনুষ্ঠানিকতায় সীমিত থাকলেও এ দিবস উদযাপনের পরিব্যাপ্তি কোন অংশেই সীমিত থাকবেনা। প্রশাসন এবং অংশিজনদের সম্পৃক্ত করে দেশের সকল বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ের সকল কার্যালয়কে দিবসটি পালনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

০৩। দেশের পরিসংখ্যান ব্যবস্থার (Statistical System) অন্যতম অংশিজন হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসনসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় “জাতীয় পরিসংখ্যান দিবস” ২০২২ উদযাপনে বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসনসমূহ বাস্তবতার নিরিখে কার্যকরী অবদান রাখা।

০৪। বর্ণিতাবস্থায়, আগামী ২৭ ফেব্রুয়ারি ২০২২ খ্রি. তারিখে বাংলাদেশে দ্বিতীয় “জাতীয় পরিসংখ্যান দিবস” উদযাপনে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বিভাগীয়, জেলা এবং উপজেলা প্রশাসনের সঙ্গে সমন্বয় করে দিবসটি পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ তাজুল ইসলাম  
(অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক  
ফোন: ০২-৫৫০০৭০৫৬  
ইমেইল: dg@bbs.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১) যুগ্মপরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ।
- ০২) উপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয় (সকল),.....।
- ০৩) পরিসংখ্যান কর্মকর্তা, উপজেলা পরিসংখ্যান কার্যালয় (সকল),.....।

**সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ০১) সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- ০২) স্টাফ অফিসার, উপমহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৩) অফিস কপি।